গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০৩১.২৩ -২৭

তারিখ: ৩০ পৌষ ১৪৩০ / ১৪ জানুয়ারি ২০২৪

বিষয়: গত ০৯ নভেম্বর ২০২৩ তারিখে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে (অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন।

ক্রমিকনং	সভার সিদ্ধান্ত (সেবার নাম)	বাস্তবায়নকারী	বাস্তবায়ন কার্যক্রম
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর অনুচ্ছেদ ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন-১ শাখা	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর অনুচ্ছেদ ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩) পর্যন্ত গত ২০ নভেম্বর ২০২৩ তারিখে হালনাগাদপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
২.	২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ-কে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	সিপিটিইউ (বর্তমান বিপিপিএ)	২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ, বর্তমানে বিপিপিএ কর্তৃক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে গত ১৩, ১৪ ও ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখে মোট-৩ (তিন)টি সভা/সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভা/সেমিনারের কার্যাবিবরণী ও হাজিরা প্রমাণক হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৯ জানুয়ারি ২০২৪ তারিখে প্রেরণপূর্বক বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
৩.	এ বিভাগের সিপিটিইউ কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করতে হবে।	সিপিটিইউ (বর্তমান বিপিপিএ)	**রিভিউ প্যানেল আপিলঃ**, অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ২য় কোয়ার্টারে সিপিটিইউ (বর্তমান বিপিপিএ) রিভিউ প্যানেলে মোট ৪১টি আপিল জমা পড়েছে। এর মধ্যে ৩০টি রিভিউ আপিল এর সিদ্ধান্ত/রায় প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ১১টি আপিল এর শুনানী ও অন্যান্য কাজ প্রক্রিয়াধীন রয়েছে। **ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তিঃ** অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ২য় কোয়ার্টারে সিপিটিইউ (বর্তমান বিপিপিএ) ই-জিপি ওয়েবপোর্টালে ১০টি ক্রয়কারী সংস্থা অন্তর্ভুক্ত হয়েছে।
৪.	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে সুপারিশ প্রদান করতে হবে।	আইএমইডি'র ০৮টি মনিটরিং সেক্টর	এ বিভাগের ০৮টি মনিটরিং সেক্টরের মাধ্যমে অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ২য় কোয়ার্টারে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে ৯৫টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুপারিশ প্রদান করা হয়েছে।
৫.	এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল মঞ্জুর, পেনশন মঞ্জুর এবং বহিঃবাংলাদেশ ছুটি এবং গৃহ নির্মাণ, মোটর গাড়ি, কম্পিউটার, মোটর সাইকেল ঋণের আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করতে হবে।	প্রশাসন-১ ও ২ শাখা	এ বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের প্রাপ্যতা সাপেক্ষে সময়মত এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয় অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ০২ জন কর্মকর্তা-কে সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলন, ৫ জন কর্মকর্তা/কর্মচারী-কে বহিঃবাংলাদেশ ছুটি, ১৫ জন-কে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, ০৯ জন কর্মকর্তা/কর্মচারী-কে পাসপোর্ট এর জন্য অনাপত্তি সনদ (NOC) প্রদান করা হয়েছে।

চলমান পাতা-০২

ক্রমিক নং	সেবার নাম	বাস্তবায়ন কারী	বাস্তবায়ন কার্যক্রম
৬.	২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	প্রশাসন-২ শাখা	২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.২ অনুযায়ী এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯- এর বিষয়ে গত ০১ থেকে ০৪ জানুয়ারি ২০২৪ পর্যন্ত ০২টি ব্যাচে মোট ৫৪ জন ২য় শ্রেণির কর্মকর্তাদের দক্ষতাবৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রমাণকসমূহ হাজিরাসহ মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৯ জানুয়ারি ২০২৪ তারিখে প্রেরণপূর্বক বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

১৪.১.২০২৪

(মো.জহির রায়হান)
অতিরিক্ত সচিব
ও
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০৩১.২৩-২৭

তারিখ: ৩০ পৌষ ১৪৩০ / ১৪ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, (দৃঃআঃ উপসচিব, সুশাসন অধিশাখা)।
২. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. অফিস কপি।

১৪/০১/২০২৪

(মোঃ মইনউদ্দিন খন্দকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৮০৭০৭
ই-মেইল: sasadmin1@imed.gov.bd